# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৫৫

১/ বিবিধ

আরবী

الصديقون ثلاثة: حبيب النجار مؤمن آل يس الذي قال: (يا قوم اتبعوا المرسلين) ، وحزقيل مؤمن آل فرعون الذي قال: (أتقتلون رجلا أن يقول ربي الله) ، وعلي بن أبي طالب وهو أفضلهم
موضوع

ذكره السيوطي في " الجامع الصغير " من رواية أبي نعيم في " المعرفة " وابن عساكر عن ابن أبي ليلى، ولم يتكلم عليه شارحه المناوي بشيء، غير أنه قال: رواه ابن مردويه والديلمي، لكن قال شيخ الإسلام ابن تيمية: هذا حديث كذب، وأقره الذهبي في " مختصر المنهاج " (ص 309) وكفى بهما حجة، وإن من أكاذيب الشيعة التي يقلد فيها بعضهم بعضا أن ابن المطهر الشيعي عزاه في كتابه لرواية أحمد، فأنكره عليه شيخ الإسلام ابن تيمية رحمه الله في رده عليه فقال: لم يروه أحمد لا في " المسند " ولا في " الفضائل " ولا رواه أبدا، وإنما زاده القطيعي عن الكديمي، حدثنا الحسن بن محمد الأنصاري، حدثنا عمرو بن جميع، حدثنا ابن أبي ليلى عن أخيه عن عبد الرحمن بن أبي ليلى عن أبيه مرفوعا
فعمرو هذا قال فيه ابن عدي الحافظ: يتهم بالوضع، والكديمي معروف بالكذب، فسقط الحديث، ثم قد ثبت في الصحيح تسمية غير علي صديقا، ففي " الصحيحين " أن النبي صلى الله عليه وسلم صعد أحدا ومعه أبو بكر وعمر وعثمان، فرجف بهم، فقال النبي صلى الله عليه وسلم: " اثبت أحد فما عليك إلا نبي وصديق وشهيدان ... "

ضعفه ونكارته، فمن قواه من المعاصرين، فقد جانبه الصواب، ولربما الإنصاف أيضا، وأقره الذهبي في " مختصره " (ص 452 ـ 453) ، لكن عزو هذا الحديث الصحيح لمسلم وهم، كما بينته في " الصحيحة " تحت الحديث (875)
ثم وجدت الحديث رواه أبو نعيم أيضا في " جزء حديث الكديمي " (31 / 2) وسنده هكذا: حدثنا الحسن بن عبد الرحمن الأنصاري، حدثنا عمرو بن جميع عن ابن أبي ليلى عن أخيه عيسى عن عبد الرحمن بن أبي ليلى عن أبيه مرفوعا

বাংলা

৩৫৫। তিন ব্যক্তি হচ্ছেন সত্যবাদী। হাবীবুন নাজ্জার; ইয়াসিনের পরিবারের মুমিন ব্যক্তি যিনি বলেছিলেনঃ "হে আমার জাতি তোমরা রসূলগণের অনুসরণ কর", হিযকীল; ফিরআউনের পরিবারের মুমিন ব্যক্তি যিনি বলেছিলেনঃ "তোমরা এমন এক ব্যক্তিকে হত্যা করছ যিনি বলেন যে, আমার প্রতিপালক আল্লাহ" এবং আলী ইবনু আবী তালিব, সে হচ্ছে তাদের মধ্যে সর্বোত্তম।

হাদীসটি জাল।

এটি সুয়ূতী “জমে’উস সাগীর” গ্রন্থে আবু নুয়াইম কর্তৃক "আল-মা’রিফাত" গ্রন্থের বর্ণনা হতে উল্লেখ করেছেন এবং ইবনু আসাকির ইবনু আবী লায়লা হতে বর্ণনা করেছেন। তার (জামের) ভাষ্যকার মানবী এটিকে ইবনু মারদুবিয়া এবং দাইলামী বর্ণনা করেছেন, এ কথা বলা ছাড়া আর কিছুই বলেননি।

শাইখুল ইসলাম ইবনু তাইমিয়্যা বলেছেনঃ এ হাদীসটি মিথ্যা।

তাঁর এ বক্তব্যকে যাহাবী "মুখতাসারু মিনহাজিস সুন্নাহ" গ্রন্থে (পৃ. ৩০৯) সমর্থন করেছেন। তাদের দু’জনের কথাই দলীল হিসাবে যথেষ্ট।

ইবনু তাহের শি’য়ী তার গ্রন্থে বলেছেন যে, এটি আহমাদের বর্ণনায় এসেছে। ইবনু তাইমিয়া তার বিরোধিতা করে বলেছেনঃ ইমাম আহমাদ হাদীসটিকে তার “আল-মুসনাদ” ও “আল-ফাযায়েল” গ্রন্থেও বর্ণনা করেননি। অন্য কোথাও বর্ণনা করেননি।

কুতাই’ঈ ইমাম আহমাদের “ফাযায়েলুস সাহাবা” গ্রন্থে (নং ১০৭২, পৃ. ৪৩১-৪৩২) কুদায়মী সূত্রে আমর ইবনু জামী’র বর্ণনা হতে বৃদ্ধি করেছেন। হাফিয ইবনু আদী বলেনঃ এ আমর জাল করার দোষে দোষী এবং কুদায়মী মিথ্যুক হিসাবে প্রসিদ্ধ।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67940

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন